# বাংলাদেশ ব্যাংক

হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১
প্রধান কার্যালয়
ঢাকা।

বিজ্ঞপ্তি নং-০৭/২০২০

তারিখঃ ২৩ পৌষ, ১৪২৬
০৭ জানুয়ারী, ২০২০

## নিয়োগ বিজ্ঞপ্তি

দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লি:, গাজীপুর এ নিম্নোক্ত পদসমূহে নির্ধারিত বেতনস্কেল এবং প্রচলিত বিধি অনুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধাদিতে অস্থায়ীভাবে নিয়োগ/প্যানেল প্রস্তুতির নিমিত্তে বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট থেকে online এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। উক্ত পদসমূহে আবেদনের জন্য আবশ্যকীয় শিক্ষাগত যোগ্যতা, বেতনস্কেল, বয়স ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে প্রদত্ত হলো:

| ক্রমিক নং | গ্রেড | পদের নাম | পদ সংখ্যা | বেতনস্কেল, ২০১৫ | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ১০ | অফিসার (জেনারেল) | ৬ | ১৬০০০-৩৮৬৪০/- | সর্বোচ্চ ৩০ বছর (বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে ন্যূনতম ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) অথবা স্নাতকোত্তর ডিগ্রী। সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণীসহ যে কোন ২টিতে ১ম শ্রেণী/বিভাগ। |
| ২ | ১০ | অফিসার (টেকনিক্যাল) | ১ | ঐ | ঐ | যন্ত্রকৌশল/তড়িৎকৌশল/শিল্প উৎপাদন বিষয়ে ন্যূনতম ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অথবা ডিপ্লোমা ইন গ্রাফিক আর্টস/প্রিন্টিং টেকনোলজী ডিগ্রীসহ সরকার অনুমোদিত মুদ্রণ শিল্পে ৪ বছরের বাস্তব অভিজ্ঞতা। সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণীসহ যে কোন ১টিতে ১ম শ্রেণী/বিভাগ। |
| ৩ | ১০ | উপ-সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল) | ১ | ঐ | ঐ | যন্ত্রকৌশল বিষয়ে ন্যূনতম ৪ বছর মেয়াদী ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণীসহ যে কোন ১টিতে ১ম শ্রেণী/বিভাগ। |
| ৪ | ১০ | উপ-সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল) | ১ | ঐ | ঐ | তড়িৎকৌশল বিষয়ে ন্যূনতম ৪ বছর মেয়াদী ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণীসহ যে কোন ১টিতে ১ম শ্রেণী/বিভাগ। |
| ৫ | ১০ | উপ-সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার | ২ | ঐ | ঐ | কম্পিউটার/নেটওয়ার্ক/কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং এ ন্যূনতম ডিপ্লোমা অথবা সমমানের ডিগ্রী। সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণীসহ যে কোন ১টিতে ১ম শ্রেণী/বিভাগ। |
| ৬ | ১০ | উপ-সহকারী প্রোগ্রামার | ২ | ঐ | ঐ | কম্পিউটার/নেটওয়ার্ক/কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং এ ন্যূনতম ডিপ্লোমা অথবা সমমানের ডিগ্রী। সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণীসহ যে কোন ১টিতে ১ম শ্রেণী/বিভাগ। |
| ৭ | ১১ | মেডিকেল এসিস্ট্যান্ট | ১ | ১২৫০০-৩০২৩০/- | ঐ | এসএসসি পাশসহ মেডিকেল এসিস্ট্যান্টশীপ কোর্সে ৩ বছর মেয়াদী ডিপ্লোমা। |

১। গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং- যথাক্রমে শিম/শা:১১/৫-১(অংশ)/৫৮২ ও শিম/শা:১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ/শ্রেণী নিম্নরূপে নির্ধারিত হবে :

(ক) এস.এস.সি বা সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে -

| | |
|---|---|
| জিপিএ ৩.০০ বা তদুর্ধ্ব | প্রথম বিভাগ |
| জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম | দ্বিতীয় বিভাগ |
| জিপিএ ১.০০ থেকে ২.০০ এর কম | তৃতীয় বিভাগ |

(খ) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে –

| অর্জিত সিজিপিএ | | সমতুল্য শেণি/বিভাগ |
|---|---|---|
| ৪.০০ পয়েন্ট স্কেলে | ৫.০০ পয়েন্ট স্কেলে | |
| ৩.০০ বা তদুর্ধ্ব | ৩.৭৫ বা তদুর্ধ্ব | প্রথম শ্রেণি/ বিভাগ |
| ২.২৫ বা তদুর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | ২.৮১৩ বা তদুর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় শ্রেণি/ বিভাগ |
| ১.৬৫ বা তদুর্ধ্ব কিন্তু ২.২৫ এর কম | ২.০৬৩ বা তদুর্ধ্ব কিন্তু ২.৮১৩ এর কম | তৃতীয় শ্রেণি/ বিভাগ |

২। বয়স(০৭/০১/২০২০ তারিখে ): ক) সর্বোচ্চ ৩০ বছর।
খ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর।
গ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য ।

৩। আগ্রহী প্রার্থীদেরকে ১০/০২/২০২০ তারিখের মধ্যে শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (erecruitment.bb.org.bd)- এ Online Application Form পূরণের মাধ্যমে দরখাস্ত করতে হবে।

৪। O' Level এবং A' Level এর ক্ষেত্রে এ দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate), বিদেশী বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ডিগ্রীর ক্ষেত্রে দেশী সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে।

৫। Online Application Form এ পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত পরীক্ষার ফলাফলের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে।

চলমান পাতা-২

৬। দরখাস্ত করার সময় ফরম পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী ওয়েবসাইটেই পাওয়া যাবে। Online এ আবেদন করার পর CV Identification Number, Tracking Number ও Password যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। পরীক্ষার প্রবেশপত্র Download করা এবং পরবর্তী বিভিন্ন কাজে বর্ণিত তথ্যসমূহ প্রয়োজন হবে।

৭। প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোনো কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদিসহ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য উপস্থিত থাকতে হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষে তাদেরকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

৮। চাকুরিরত প্রার্থীগণ তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে পারবেন এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনসহ ০৭নং ক্রমিকে উল্লিখিত শর্ত মোতাবেক প্রয়োজনীয় দলিলাদি দাখিল করতে হবে। অন্যথায় প্রার্থীর আবেদন বাতিল বলে গণ্য হবে।

৯। পদের সংখ্যা কম/বেশী হতে পারে।

১০। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত দরখাস্ত কোনো প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে। Online আবেদনপত্রের নির্ধারিত স্থানে সম্প্রতি ল্যাবে তোলা পাসপোর্ট সাইজের ছবি এবং বল পয়েন্টে স্ব-হস্তে করা স্বাক্ষরের স্ক্যানিং ইমেজ সংযোজন করতে হবে। অন্যথায় প্রার্থীর আবেদন বাতিল বলে গণ্য হবে।

১১। প্রার্থীদেরকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১২। মহিলা প্রার্থীগণের ক্ষেত্রে আবেদনের সময় স্থায়ী ঠিকানা হিসেবে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয় সেক্ষেত্রে উক্ত স্থায়ী ঠিকানার সপক্ষে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে।

১৩। নিয়োগের ক্ষেত্রে সর্বশেষ কোটা সংক্রান্ত সরকারী নীতিমালা ও অন্যান্য বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৪। কোন ক্ষেত্রে কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা পরবর্তীতে কোন প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে বা দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, কোন জাল সনদ দাখিল, অসদুপায় অবলম্বন, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুতর (Substantive) ত্রুটি বা ঘাটতি দেখা গেলে বা প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে।

১৫। সকল জেলার স্থায়ী বাসিন্দারা আবেদন করতে পারবেন।

১৬। উপযুক্ত কর্তৃপক্ষ প্রার্থীদের নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

**স্বাক্ষরিত/-**
**(ওয়াহিদা নাসরিন)**
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব)